

তারিখ: ১২/০২/২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমের ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ আগামী ২০/০২/২০২৪ খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত চলবে। উল্লেখ্য যে, যারা এ ভর্তি কার্যক্রমে ইতোপূর্বে আবেদন করতে পারেনি অথবা আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি তারা পূর্বে জারীকৃত শর্তাবলী পূরণ সাপেক্ষে ২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদন করতে পারবে। তবে ২য় পর্যায়ের প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না। কিন্তু মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্বাচন করে আবেদন করতে হবে।

শর্তাবলী:

১। প্রিন্টকপি কলেজে জমাদান ও আবেদন ফি জমাদানের নিয়মাবলী-

- (ক) ২য় পর্যায়ে আবেদন ফরম সংগ্রহ ও প্রিন্টকপি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমাদান : ১৩/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ খ্রি.
- (খ) শিক্ষার্থীকে আগামী ১৫/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে সোনালী বিল পেমেন্ট সিস্টেম ব্যবহার করে National University Fees মেনু থেকে Fee Payment অপশন ক্লিক করে Application Fee সিলেক্ট করে Masters ট্যাব ক্লিক করার পর ধারাবাহিকভাবে চাহিত সকল তথ্যাদি সঠিকভাবে এন্ট্রি দিয়ে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা জমা দিতে হবে।

২। আবেদনের যোগ্যতা:-

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- (খ) ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- (গ) উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র পঠিত বিষয়ে আবেদন করতে পারবে।

৩। প্রাথমিক আবেদনের জন্য করণীয়-

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এ গিয়ে Apply Now অপশনে ক্লিক করে প্রদর্শিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- (খ) আবেদনকারীর নিজের পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
- (গ) ছবিসহ সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।
- (ঘ) আবেদনকারীকে প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

২/২২/০২/২০২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।